তারিখ ... 30 OCT 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1-6 ......

যুগান্তর

# জাবি পরীক্ষার্থীর সঙ্গে শিক্ষকের দুর্ব্যবহার

## ভিসির বিজ্ঞপ্তি

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষা বর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা চলাকালে এক শিক্ষার্থীর অভিযোগের ভিত্তিতে পরীক্ষার্থীদের সঙ্গে শিক্ষকদের ভালো আচরণ করার অনুরোধ জানিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বুধবার ভর্তি পরীক্ষা দিতে আসা এক শিক্ষার্থীর অভিযোগ আমলে নিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিকের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ অনুরোধ জানানো হয়।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, বুধবার সমাজবিজ্ঞান অনুষদের (বি-ইউনিট) ভর্তি পরীক্ষা দেয়ার সময় গণিত ও পরিসংখ্যান ভবনের তৃতীয় তলায় গণিত বিভাগের একটি কক্ষে একজন পরীক্ষার্থী উপস্থিতি বইয়ে স্বাক্ষর করেননি। তার স্বাক্ষর সংগ্রহের জন্য পরিদর্শনকারী শিক্ষকেরা একাধিকবার পরীক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করেন। কিন্তু কেউ সাড়া দেননি। পরীক্ষার শেষ পর্যায়ে একজন পরীক্ষার্থী স্বাক্ষর না করার কথা জানান। এতে ওই কক্ষে পরিদর্শনকারী শিক্ষক গণিত বিভাগের অধ্যাপক ড. শরীফ উদ্দিন ক্ষিপ্ত হয়ে ওই পরীক্ষার্থীর শার্টের কলার ধরে টানাহেঁচড়া করেন। এক পর্যায়ে ওই শিক্ষার্থীর শার্ট ও বোতাম ছিঁড়ে যায়। পরে ওই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর একটি লিখিত অভিযোগ দেন। ঘটনার পর ওই শিক্ষার্থীর (ছেঁড়া শার্টসহ) ছবি মোবাইলের মাধ্যমে ছড়িয়ে পড়লে শিক্ষকের আচরণ নিয়ে ব্যাপক সমালোচনা হয়। এ ঘটনার পর রেজিস্ট্রার ভর্তি পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীদের সঙ্গে শিক্ষকদের ভালো আচরণ করার অনুরোধ জানিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. খবির উদ্দিন যুগান্তরকে বলেন, বিজ্ঞপ্তি প্রকাশের ফলে শিক্ষকরা আরও বেশি সচেতন হয়েছেন। তবে একটা ঘটনাকে সামনে নিয়ে এমন বিজ্ঞপ্তি দেয়াতে অনেক শিক্ষক মনোক্ষুণ্ন হয়েছেন। কিন্তু পরীক্ষার আগেই যদি একটি সাধারণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হতো তাহলে হয়ত কেউ কিছুই মনে করত না।

এ বিষয়ে প্রো-ভিসি অধ্যাপক ড. আবুল হোসেন সাংবাদিকদের বলেন, সারাদিন পরীক্ষার কাজ করার ফলে সব শিক্ষকই পরিশ্রান্ত। সে কারণেই একটি বিব্রতকর ঘটনা ঘটেছে। তাই শিক্ষকদের মনোযোগ আকর্ষণের জন্য একটা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।